

দৈনিক পূর্বকোণ

মঙ্গলবার ২৮ অক্টোবর ২০১৪



বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের বিদায়ী অন্তর্বর্তীকালীন সংসদের চেয়ারম্যান, মহাসচিব ও অর্থ সচিব ১৪২১-১৪২৩ বাংলা সনের কার্যকরী সংসদের নবনির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করছেন

হিন্দু ফাউন্ডেশনের নবনির্বাচিত কার্যকরী সংসদের সভা

বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের ১৪২১-১৪২৩ বাংলা সনের জন্য কর্মকর্তা নির্বাচন গত শুক্রবার বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের নিজস্ব বিল্ডিং মৈত্রী ভবনস্থ ফাউন্ডেশনের সভা কক্ষে প্রধান নির্বাচন কমিশনার তপন কান্তি দাশের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। নবনির্বাচিত কার্যকরী সংসদের ১ম সভা গতকাল সোমবার সন্ধ্যা ৬টায় বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের কার্যালয়ে দিলীপ কুমার মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নবনির্বাচিত চেয়ারম্যান দিলীপ কুমার মজুমদার, মহাসচিব শ্যামল কুমার পালিত ও অর্থসচিব অধ্যাপক নারায়ণ কান্তি চৌধুরীর নিকট বিদায়ী অন্তর্বর্তীকালীন সংসদের চেয়ারম্যান প্রকৌশলী পরিমল কান্তি চৌধুরী, মহাসচিব শ্যামল কুমার পালিত ও অর্থসচিব মিহির কানুনগো বাংলাদেশ হিন্দু ফাউন্ডেশনের সকল দায়িত্ব ও ক্ষমতা আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করেন। এসময় উপস্থিত ছিলেন অধ্যাপক বিজয় লক্ষ্মী দেবী, এডভোকেট নিতাই প্রসাদ ঘোষ, বিশ্বজিৎ পালিত, অধ্যাপক হারাধন নাগ, অঞ্জন সেন, পিয়ুষ কান্তি দে, লায়ন কে. পি. দাশ, বাসুদেব চন্দ্র, অধ্যাপক সচিদানন্দ রায় চৌধুরী, এডভোকেট অনুপম চক্রবর্তী, বাসনা দাশ, অনুপ রক্ষিত, রণজিত কুমার চৌধুরী, এডভোকেট পূর্ণেন্দু বিকাশ চৌধুরী, সুকোমল চৌধুরী, দুলাল কান্তি মজুমদার, প্রকৌশলী সুরঞ্জন ঘোষ, তাপস হোড় ও এডভোকেট সবুজ কান্তি দাশ। সভায় ভারতে তীর্থ যাত্রা কর্মসূচি গ্রহণ, স্বাস্থ্যসেবা কেন্দ্র চালু করা, ছাত্রবৃত্তি, বিবাহ সাহায্যসহ সকল কার্যক্রম স্বল্পতম সময়ের মধ্যে চালু করার উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।-বিজ্ঞপ্তি